



স্মারক নং-৫৬.০০.০০০০.০০২.২৫.০১।১৭-২২৯

এন এম জিয়াউল আলম

সচিব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ফোন: +৮৮ ০২ ৮১৮১৫৪৭, ই-মেইল: secretary@ictd.gov.bd

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৬
২১ জুন ২০১৯

প্রিয় সহচরী,

আন্তরিক শুভেচ্ছা নিবেন। আপনি নিশ্চয় অবগত আছেন যে, বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করার মানসে ডিজিটাল বাংলাদেশ বিনিমানের মাধ্যমে বৃপ্তকল্প-২০২১ বাস্তবায়নে নিরলসভাবে কাজ করছে। জ্ঞানভিত্তিক অর্থনৈতি, সুশাসন প্রতিষ্ঠায় তথ্য প্রযুক্তি খাতের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে অবকাঠামো উন্নয়ন, দক্ষ মানব সম্পদ গঠন, শোভন কাজ সৃজন এবং ই-সার্ভিস প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থাগুলো কাজ করে যাচ্ছে। তথ্যপ্রযুক্তি খাত বাংলাদেশের অর্থনৈতিক সমৃদ্ধি আনয়নে একটি উল্লেখযোগ্য খাত। তথ্য প্রযুক্তি খাতের অবকাঠামোগত উন্নয়ন, কর্ম-সংস্থান সৃষ্টি, ই-গভর্নেন্স প্রতিষ্ঠা এবং আইসিটি শিল্পের বিকাশে বিভিন্ন ধরণের প্রকল্প ও কর্মসূচি মাঠ পর্যায়ে চলমান রয়েছে। এ সমস্ত কার্যক্রম ও উদ্যোগ বাস্তবায়নে আপনাদের সর্বাঙ্গিক সহযোগিতা ও নেতৃত্ব প্রশংসার দাবী রাখে এবং আমরা তা কৃতজ্ঞতার সাথে স্মরণ করি।

আপনি জেনে খুশি হবেন যে, গত ১৯/০৬/২০১৯ খ্রিস্টাব্দ তারিখে ২৫৭ জন সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে যোগদান করেছেন। উল্লেখ্য যে, নবযোগদানকৃত সহকারী প্রোগ্রামারগণ বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (BPSC) এর মাধ্যমে নির্বাচিত হয়ে সরকারের প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন; যারা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অধীন কর্মরত থাকবেন। আমি প্রত্যাশা করছি যে, আগামী ১৫ দিনের মধ্যে নবযোগদানকৃত সহকারী প্রোগ্রামারগণ আপনার জেলার বিভিন্ন উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার ব্রাবরে যোগদানপত্র/রিপোর্ট করবেন; যা মাঠ পর্যায়ের জনবল কাঠামোকে আর জোরদার করবে। নতুনভাবে যোগদানকৃত সহকর্মীদেরকে পূর্ণোদ্যমে এ সেক্টরে কাজ করার লক্ষ্যে আপনার অনুপ্রেরণা, সহযোগিতা ও সহমর্মিতা একান্তভাবে প্রয়োজন। জেলা এবং উপজেলায় নিয়োগকৃত আইসিটি বিভাগের এ সমস্ত কর্মকর্তাগণের জন্য জেলা/উপজেলা পর্যায়ে স্বতন্ত্র অফিস স্পেস সংস্থান, আবাসন, কর্মক্ষেত্রে শোভন পরিবেশ গঠনের লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে দিক-নির্দেশনা প্রদান করার জন্য আপনাকে বিশেষ অনুরোধ করছি।

আমি বিশ্বাস করি যে, আমাদের যৌথ উদ্যোগে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত ‘ভিশন-২০২১’, ‘টেকসই উন্নয়ন ও অভিষ্ঠ লক্ষ্যমাত্রা-২০৩০’ এবং ‘ভিশন-২০৪১’ বাস্তবায়নের মাধ্যমে একটি উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গঠন করতে সক্ষম হবো।

এমতাবস্থায়, জেলা পর্যায়ে আপনার গতিশীল নেতৃত্বে নবযোগদানকৃত সহকারী প্রোগ্রামারদের কাজে লাগিয়ে ডিজিটাল বাংলাদেশ বিনিমানের মাধ্যমে জ্ঞানভিত্তিক সমৃদ্ধিশালী বাংলাদেশ গঠনে আরোও একধাপ এগিয়ে যাবে বলে আমি প্রত্যাশা করছি।

শ্রীমতী
মুন্তাবে

আন্তরিকভাবে আপনার

(এন এম জিয়াউল আলম)

জনাব.....

জেলা প্রশাসক.....